কালের কণ্ঠ

তারিখ ... 6 AUG 2017 ...
পৃষ্ঠা ...১... কলাম ...২...

# ২১ হাজার প্রাথমিক বিদ্যালয় ‘এতিম’

## পিএসসি প্রধান শিক্ষক নিয়োগ দেয় না চাহিদাপত্রের অভাবে

## মন্ত্রণালয়ের ভাষ্য, জ্যেষ্ঠতা নির্ধারণ জটিলতায় সংকট কাটতে দেরি হচ্ছে

**শরীফুল আলম সুমন ▷**

সংকট থেকে বেরোতেই পারছে না প্রাথমিক শিক্ষা। ৬৪ হাজার বিদ্যালয়ের মধ্যে ২১ হাজারই চলছে প্রধান শিক্ষক ছাড়া। গত বছরের আগস্ট মাসে প্রধান শিক্ষকের শূন্য পদে নিয়োগের জন্য ৩৪তম বিসিএস থেকে ৮৯৮ জনকে সুপারিশ করেছিল সরকারি কর্ম কমিশন (পিএসসি)। এই নিয়োগও গত এক বছরে হয়নি। এদিকে একজন সহকারী শিক্ষককে প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করতে হচ্ছে বলে শ্রেণিকক্ষে সমস্যা হচ্ছে। ঊর্ধ্বতন কর্তৃপক্ষের দায়িত্ব পালনে ধীরগতির মাসুল দিচ্ছে অল্প বয়সী শিশুরা। সংস্কারের অভাবে জরাজীর্ণ বিদ্যালয়ের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাওয়ায় হাজার হাজার শিশু হয়ে পড়ছে নিরাপত্তাহীন। প্রশিক্ষিত, দক্ষ শিক্ষকের অভাব তো আছেই।

মোট প্রায় ৬৪ হাজার বিদ্যালয়ে সহকারী শিক্ষকের শূন্য পদের সংখ্যাও প্রায় ৩০ হাজার। প্রধান শিক্ষক ছাড়া পরিচালিত ২১ হাজার প্রাথমিক বিদ্যালয়ে প্রশাসনিক কাজ সাধারণত একজন সহকারী শিক্ষক চালিয়ে নেন। সহকারী শিক্ষক ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব নিয়ে কর্মঘণ্টার বেশির ভাগ সময় ব্যস্ত থাকেন প্রশাসনিক কাজে। ফলে পাঠদান ব্যাহত হয়। জরাজীর্ণ বিদ্যালয়ের সংখ্যাও বেড়ে ১০ হাজারের কাছাকাছি পৌঁছেছে। ঝড়বৃষ্টি বা প্রচণ্ড রোদের মতো বৈরী আবহাওয়ার দিনগুলোতে বড় সমস্যায় পড়তে হচ্ছে শিক্ষার্থীদের।

জানা যায়, প্রধান শিক্ষক সংকট মারাত্মক আকার ধারণ করলেও শিগগির সেখান থেকে মুক্তির পথ নেই। কারণ এই পদটি ইতিমধ্যে দ্বিতীয় শ্রেণিতে উন্নীত হয়েছে এবং এখন এই পদে নিয়োগ ও পদোন্নতির দায়িত্ব পিএসসির। প্রধান শিক্ষকের শূন্য পদে নিয়োগের জন্য গত বছরের আগস্ট মাসে ৩৪তম বিসিএস থেকে ৮৯৮ জনকে সুপারিশ করে পিএসসি। কিন্তু অধিদপ্তর পদোন্নতির লক্ষ্যে জ্যেষ্ঠতার তালিকা তৈরি করতে পারেনি বলে পিএসসি নিয়োগ দিতে পারছে না।

সংশ্লিষ্ট ব্যক্তিরা জানান, দ্বিতীয় শ্রেণির বেশির ভাগ পদেই সরকারি কর্মকর্তারা দশম গ্রেডে বেতন পান। অথচ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকরা পাচ্ছেন ১১তম গ্রেডে। বিসিএস থেকে সুপারিশ পাওয়া প্রার্থীদের নিয়োগ দিতে হলে দশম গ্রেডেই দিতে হবে। কারণ একই সঙ্গে সুপারিশ পাওয়া অন্যান্য দপ্তরের

▶▶ পৃষ্ঠা ৮ ক. ১

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..................
তারিখ..................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/অবগতার্থে
স্বাক্ষর